গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের অক্টোবর ২০১৭ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার (৮ম সভা) কার্যবিবরণী।

সভাপতি : জনাব মনোয়ার ইসলাম, চেয়ারম্যান, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
সময় ও তারিখ : ১৬ অক্টোবর ২০১৭, সকাল ১১:০০ টায়।
স্থান : সভা কক্ষ, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক"।

সভাপতি বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের অক্টোবর ২০১৭ মাসের সমন্বয় সভায় (৮ম সভা) সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। সভার শুরুতেই গত সেপ্টেম্বর ২০১৭ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় উপস্থিত সকলে তাঁদের মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

| শাখা/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১. বিদ্যুৎ | ১। সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত অনিষ্পন্ন লাইসেন্স ওয়েভার আবেদনের সংখ্যা ছিল ৬৭৫ টি (নতুন আবেদন ৫৫৯ টি, সংশোধনের আবেদন ৭০ টি, নবায়নের আবেদন ৪৬ টি) তন্মধ্যে নিষ্পত্তিকৃত আবেদন ১২৬ টি (নতুন ৯৭ টি, সংশোধন ৬ টি এবং নবায়ন ২৩ টি)। সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত সর্বমোট অনিষ্পন্ন লাইসেন্স ওয়েভার আবেদনের সংখ্যা ৫৪৯ টি (নতুন ৪৬২ টি, সংশোধন ৬৪ টি এবং নবায়ন ২৩ টি)।<br><br>২। সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত সিপিপি ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনের সংখ্যা ছিল ৩৪১ টি (নতুন ১৮৫ টি, সংশোধন ৪৭ টি এবং নবায়ন ১০৯ টি) তন্মধ্যে নিষ্পত্তিকৃত আবেদন ২৯ টি (নতুন ৮ টি, সংশোধন ৫ টি এবং নবায়ন ১৬ টি)। সেপ্টেম্বর ২০১৭ মাসে সিপিপি ক্যাটাগরির ৩১২ টি আবেদন অনিষ্পন্ন রয়েছে (নতুন ১৭৭ টি, সংশোধন ৪২ টি এবং নবায়ন ৯৩ টি)।<br><br>৩। সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত সরকারী সংস্থা, আইপিপি, আরপিপি এবং সিআইপিপি ক্যাটাগরির ২১ টি লাইসেন্স আবেদন অনিষ্পন্ন ছিল (নতুন ৪ টি, সংশোধন ৩ টি এবং নবায়ন ১৪ টি তন্মধ্যে নিষ্পত্তিকৃত ৭ টি (সংশোধন ১ টি ও নবায়ন ৬ টি)। সেপ্টেম্বর ২০১৭ মাসে অনিষ্পন্ন আবেদনের সংখ্যা ১৪ টি (নতুন ৪ টি, সংশোধন ২ টি এবং নবায়ন ৮ টি)। | বিদ্যুৎ অনুবিভাগের অনিষ্পন্ন আবেদনসমূহ নিষ্পত্তির অগ্রগতির ধারাবাহিকতা বজায় রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। বিদ্যুৎ অনুবিভাগের বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। সকল ক্যাটাগরির লাইসেন্স আবেদন নিষ্পত্তির সংখ্যা মাসিক হিসেবে একই ছকে উপস্থাপন করতে হবে। | পরিচালক (বিদ্যুৎ) |
| ২.গ্যাস | সেপ্টেম্বর পর্যন্ত মোট অনিষ্পন্ন লাইসেন্স আবেদনের সংখ্যা ১৮৬ টি। তন্মধ্যে সেপ্টেম্বর ২০১৭ মাসে ২৮ টি লাইসেন্স আবেদন নিষ্পত্তি করা হয়েছে [সিএনজি (নতুন) ৫ টি, সিএনজি (নবায়ন) ১৯ টি এবং এলপিজি (নতুন) ৪ টি]। অনিষ্পন্ন রয়েছে ১৫৮ টি আবেদন [সিএনজি (নতুন) ৮০ টি, সিএনজি (নবায়ন) ৬৩ টি, এলপিজি (নতুন) ১২ টি, গ্যাস বিতরণ/বিপণন/সঞ্চালন কোম্পানী ৩ টি)]। | গ্যাস অনুবিভাগের বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। সকল ক্যাটাগরির লাইসেন্স আবেদন নিষ্পত্তির সংখ্যা মাসিক হিসেবে একই ছকে উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |

| | | | |
|---|---|---|---|
| ৩.পেট্রোলিয়াম | সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন আবেদনের সংখ্যা ১৩৭ টি (নতুন ৯৭ টি, নবায়ন ২৯ টি সংশোধন ১১ টি) তন্মধ্যে নিষ্পত্তিকৃত আবেদন ২৬ টি (নতুন ৬ টি, নবায়ন ১৮ টি এবং সংশোধন ২ টি)। অনিষ্পন্ন আবেদন রয়েছে ১১১ টি (নতুন ৯১ টি, নবায়ন ১১ টি এবং সংশোধন ৯ টি)। | পেট্রোলিয়াম অনুবিভাগের বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। সকল ক্যাটাগরির লাইসেন্স আবেদন নিষ্পত্তির সংখ্যা মাসিক হিসেবে একই ছকে উপস্থাপন করতে হবে। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| ৪. অর্থ ও হিসাব | ২০১৭-১৮ অর্থবছরে মোট বাজেট বরাদ্দ ৪৪,৪৯,৫০,৩৪৮.০০ টাকা। বরাদ্দকৃত বাজেটের বিপরীতে সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত মোট ব্যয় ২,২৯,৫৭,৬৪৭.০০ টাকা। | কমিশনের আয়-ব্যয়ের প্রকৃত অবস্থা সুন্দরভাবে ভাবে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। আয়-ব্যয় যথাযথভাবে reconciliation করে প্রতি মাসভিত্তিক আয়-ব্যয়ের হিসাব মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। প্রতি তিন মাস ভিত্তিক আয়-ব্যয় ও তহবিলের অবস্থা সম্পর্কিত প্রতিবেদন কমিশন সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (অর্থ ও হিসাব) |
| ৫. প্রশাসন | ১। শূন্যপদে জনবল নিয়োগ:<br>কমিশনের সকল শূন্য পদে জনবল নিয়োগ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে সভায় অবহিত করা হয়।<br><br>২। প্রশিক্ষণ:<br>কমিশনের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বার্ষিক প্রশিক্ষণের পরিকল্পনা প্রণয়ণের বিষয়ে অভিমত ব্যক্ত করা হয়।<br><br>৩। আর্থিক বিধিমালা প্রণয়ন:<br>কমিশনের কাজের সাথে সঙ্গতি রেখে আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পন বিধিমালা প্রণয়নের কাজ চলমান রয়েছে।<br><br>৪। বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন:<br>কমিশনের দাপ্তরিক কাজে ব্যবহৃত সকল প্রকার পণ্য/ভৌত কার্য/সেবা ক্রয়ের জন্য বার্ষিক ক্রয়পরিকল্পনা প্রণয়নের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।<br><br>৫। কমিশনের আইন শাখাসহ অন্যান্য শাখায় প্রয়োজনীয় সংখ্যক Internee নিয়োগের জন্য দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অভিমত ব্যক্ত করা হয়। | ১. কমিশনের সকল শূন্যপদের তথ্য ছকে উপস্থাপন করতে হবে। যে সকল পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে সেগুলো দ্রুত সম্পন্ন করতে হবে। তাছাড়া সহকারী পরিচালক (পেট্রোলিয়াম) এর ১ টি শূন্য পদে (মুক্তিযোদ্ধা কোটা) সংশোধিত বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।<br><br>২. কমিশনের কাজের সাথে সঙ্গতিপূর্ণ, প্রায়োগিক এবং বাস্তবভিত্তিক বার্ষিক প্রশিক্ষণের কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br><br>৩. কমিশনের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পন বিধিমালা প্রণয়ন করতে হবে।<br><br>৪. বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br><br>৫. Internee নিয়োগের জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ অনুমোদনের জন্য পদক্ষেপ গ্রহন করতে হবে। | সচিব<br><br>পরিচালক (অর্থ ও হিসাব) |

| | | | |
|---|---|---|---|
| ৬. আইন ও বিধি | ১। আগস্ট ২০১৭ পর্যন্ত বিরোধ নিষ্পত্তির জন্য সর্বমোট দাখিলকৃত আবেদন ১৩৫ টি তন্মধ্যে নিষ্পত্তিকৃত ৩৭ টি। অনিষ্পন্ন রয়েছে ৯৮ টি। | ১.কমিশনে দাখিলকৃত মোট মামলার সংখ্যা, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা এবং অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ছকে উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (আইন ও বিধি) |
| | ২। সভাকে আরও অবহিত করা হয় যে, কমিশনে কয়েকটি প্রবিধানমালার খসড়া চূড়ান্তকরণের জন্য প্রক্রিয়াধীন রয়েছে যার মধ্যে- | ২. | |
| | (ক) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৮ (সংশোধনী)"। | (ক) প্রবিধানমালাটি অনুমোদন ও গেজেটে প্রকাশের অগ্রগতি প্রশাসন অনুবিভাগ হতে নিয়মিত তদারকি করতে হবে। | সচিব |
| | (খ) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্মকর্তা-কর্মচারী অবসর ভাতা ও সুবিধাদি প্রবিধানমালা। | (খ) কমিশনের অর্থ ও হিসাব অনুবিভাগ প্রবিধানমালাটি প্রণয়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | পরিচালক (অর্থ ও হিসাব) |
| | (গ) "BERC Lubricants (Storage, Specification & Permance Requirement) Codes and Standards এবং BERC Lubricants (Disposal & Re-finery) Regulations" প্রবিধানমালা দুটি একত্র করে প্রবিধানমালা প্রণয়ণ করতে হবে। | (গ) কমিশনের পেট্রোলিয়াম অনুবিভাগ প্রবিধানমালাটি প্রণয়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| | (ঘ) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন অভিন্ন হিসাব পদ্ধতি (বিদ্যুৎ) প্রবিধানমালা" প্রণয়নে স্টেকহোল্ডারদের মতামত গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (ঘ) কমিশনের ট্যারিফ শাখা প্রবিধানমালাটি প্রণয়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | উপপরিচালক (ট্যারিফ) |
| | (ঙ) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ইলেকট্রিসিটি গ্রীড কোড" প্রবিধানমালা প্রণয়নে স্টেকহোল্ডারদের মতামত গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (ঙ) কমিশনের বিদ্যুৎ অনুবিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | পরিচালক (বিদ্যুৎ) |
| | (চ) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) রিফুয়েলিং স্টেশন নিরাপত্তা কোডস ও স্ট্যান্ডার্ড প্রবিধানমালা" এবং "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন যানবাহনের সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) জ্বালানি ব্যবস্থার নিরাপত্তা কোডস ও স্ট্যান্ডার্ড প্রবিধানমালা" প্রণয়নের জন্য কার্যপত্রসহ সংশ্লিষ্ট নথি উপস্থাপন করতে হবে। | (চ) কমিশনের গ্যাস অনুবিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | পরিচালক (গ্যাস) |
| | (ছ) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়াম পদার্থ খুচরা ট্যারিফ) প্রবিধানমালা", "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়াম পদার্থ পরিবহন ট্যারিফ প্রবিধানমালা", "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়াম পদার্থ মজুতকরণ, বিপণন ও বিতরণ ট্যারিফ) প্রবিধানমালা" এবং "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়াম পদার্থ স্পেসিফিকেশন) প্রবিধানমালা" প্রণয়নের জন্য কার্যপত্রসহ সংশ্লিষ্ট নথি উপস্থাপন করতে হবে। | (ছ) কমিশনের পেট্রোলিয়াম অনুবিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | | |
|---|---|---|---|
| ৭. প্রশাসন | (ক) পরিদর্শন কাজে কমিশনের সর্বস্তরের কর্মকর্তাদের সম্পৃক্তকরণ।<br><br>(খ) সকল দপ্তর/বিভাগ/অধিশাখার অনুষ্ঠেয় সভা লিখিতভাবে অবহিতকরণ।<br><br>(গ) কমিশনের এসি, কম্পিউটারসহ সকল প্রকার ইলেকট্রনিক সামগ্রী অফিস ত্যাগের পূর্বে বন্ধকরণ।<br><br>(ঘ) অফিসের অভ্যন্তর পরিচ্ছন্ন রাখতে সহায়তাকরণ।<br><br>(ঙ) জরুরী সামগ্রী ক্রয়/মেরামত সম্পর্কে লিখিত চাহিদাপত্র প্রেরণ। | ৬. প্রশাসন<br>(ক) কমিশনের বিদ্যুৎ, গ্যাস এবং পেট্রোলিয়াম সংক্রান্ত পরিদর্শন কার্যক্রমে সকল স্তরের কর্মকর্তাদের সম্পৃক্ত করতে হবে।<br><br>(খ) কমিশনের সকল দপ্তর/ বিভাগ/অধিশাখার অনুষ্ঠেয় সভা বিষয়টি পূর্বেই (অংশগ্রহণকারীর সংখ্যাসহ) লিখিতভাবে প্রশাসন শাখাকে অবহিত করতে হবে।<br><br>(গ) অফিস ত্যাগের পূর্বে কমিশনের সকল এসি, কম্পিউটারসহ সকল প্রকার ইলেকট্রনিক সামগ্রী বন্ধ করতে হবে।<br><br>(ঘ) কমিশনের অভ্যন্তর পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সকলকে আন্তরিক হতে হবে।<br><br>(ঙ) দাপ্তরিক প্রয়োজনে বিভিন্ন প্রকার সামগ্রী ক্রয়/মেরামত সম্পর্কে প্রশাসন বিভাগে লিখিত চাহিদাপত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (গ্যাস/বিদ্যুৎ/ পেট্রোলিয়াম)<br><br>পরিচালক (সকল)<br><br>সকল কর্মকর্তা<br><br>সকল কর্মকর্তা<br><br>সকল কর্মকর্তা |
| ৮. বিবিধ | | ৭. বিবিধ<br>(ক)কমিশনের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ নির্দেশনাবলী ১৫৯তম কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রণয়নপূর্বক অনুমোদনের জন্য পরবর্তী সময়ে কমিশন সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ)কমিশনের কার্যক্রম সম্পর্কিত বা কার্যক্রমের প্রভাব সম্পর্কিত গবেষণা পরিচালনার জন্য সকল কর্মকর্তার নিকট হতে বিষয় সংগ্রহ করতে হবে এবং তদানুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>(গ) বিইআরসি'র প্রাতিষ্ঠানিক ISO সার্টিফিকেট অর্জনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>(ঘ) কমিশনের ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য গঠিত কমিটিকে বার্ষিক প্রতিবেদন প্রকাশের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | সচিব<br><br>উপপরিচালক (কনজ্যুমার অ্যাফেয়ার্স)<br><br>উপপরিচালক (প্রশাসন)<br><br>সচিব |

| | | | |
|---|---|---|---|
| | | (ঙ) কমিশন দপ্তরের মাসিক বিদ্যুৎ বিলের বিবরণী প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) |
| | | (চ) কমিশন দপ্তরের প্রবেশদ্বার হতে শুনানি কক্ষ পর্যন্ত যাতায়াত পথের লাল কার্পেট পরিবর্তন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) |
| | | (ছ) নভেম্বর ২০১৭ মাসে সিলেটে একটি আউটরীচ প্রোগ্রাম আয়োজন করতে হবে এবং বার্ষিক আউটরীচ প্রোগ্রামের সূচী প্রণয়ন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) |
| | | (জ)টেস্টিং ইন্সটিটিউট স্থাপনের জন্য কমিশনের অনুকূলে সরকার কর্তৃক পূর্বাচলে বরাদ্দকৃত জমি/প্লট পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপপরিচালক (কনজ্যুমার অ্যাফেয়ার্স) |
| | | (ঝ) প্রতি সমন্বয় সভার পূর্বেই সকল শাখা হতে আলোচ্যসূচী কার্যপত্রসহ উপপরিচালক (কনজ্যুমার অ্যাফেয়ার্স) এর নিকট প্রেরণ করতে হবে। | পরিচালক (সকল) |

২। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
৫/১১/২০১৭
(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান

---

বিইআরসি/সমন্বয় সভা/প্রশা-০৯৮/১৬/ ৫৯৭৫

তারিখঃ ৫ নভেম্বর ২০১৭

বিতরণ:

১। পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
২। উপপরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। সহকারী পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা

অনুলিপিঃ

১। প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। [মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য]
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য]
৩। মুখ্য সমন্বয়কের একান্ত সচিব, এসডিজি, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। [মুখ্য সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য]
৪। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ; বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
৫। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা। [মাননীয় চেয়ারম্যান এর সদয় অবগতির জন্য]
৬। সহকারী পরিচালক (আইন ও বিধি), বিইআরসি, ঢাকা। [বিইআরসি ট্রাইব্যুনালের সদয় অবগতির জন্য]
৭। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা। [সম্মানিত সদস্য এর সদয় অবগতির জন্য]

(মুহঃ মাহবুবর রহমান)
সচিব
ফোনঃ ৯১৪০১২৫